

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
১০৮, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
www.dyd.gov.bd

নং-৩৪.০১.০০০০.০০৬.২০.২০.১৬- ৩২২

তারিখঃ ০৪/০৩/১৭ খ্রিঃ

বিষয়ঃ যুব উন্নয়ন অধিদপ্তরের ২০১৬-২০১৭ অর্থ বৎসরের সংশোধিত বাজেট বরাদ্দের বিভাজন আদেশ জারী প্রসংগে।

নিম্নস্বাক্ষরকারী “৩-অন্যান্য অনুন্নয়ন ব্যয় ; ৩৬৪০-যুব উন্নয়ন অধিদপ্তর” এর ২০১৬-২০১৭ অর্থ বছরের মঞ্জুরী নং-৩২ এর অধীন (অনুন্নয়ন) খাতে বরাদ্দকৃত বাজেট প্রধান কার্যালয়, ৬৪টি জেলা কার্যালয়, ৪৯৮টি উপজেলা কার্যালয়, কেন্দ্রীয় মানব সম্পদ উন্নয়ন কেন্দ্র, শেখ হাসিনা জাতীয় যুব কেন্দ্র, ৪টি আঞ্চলিক মানব সম্পদ উন্নয়ন কেন্দ্র এবং ২১টি যুব প্রশিক্ষণ কেন্দ্রে নিম্নোক্ত শর্তে সর্বমোট ২৪৭,৮০,৭০,০০০/- (দুইশত সাতচল্লিশ কোটি আশি লক্ষ সত্তর হাজার) টাকার সংশোধিত বাজেট বিভাজনের সরকারী আদেশ জারী করছিঃ

শর্তাবলী :

- ১। অনুন্নয়ন ব্যয়ের ক্ষেত্রে প্রচলিত সরকারী বিধি এবং পাবলিক প্রকিউরমেন্ট আইন, ২০০৬ ও পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ সংশোধনী মোতাবেক প্রকৃত বিল ভাউচারের মাধ্যমে স্ব-স্ব আর্থিক ক্ষমতার মধ্যে কিংবা যে ক্ষেত্রে উর্ধতন কর্তৃপক্ষের ব্যয় মঞ্জুরী আবশ্যিক, সে ক্ষেত্রে ব্যয় মঞ্জুরী গ্রহণপূর্বক বরাদ্দকৃত অর্থ উত্তোলন ও ব্যয় করতে হবে।
- ২। কোন ক্রমেই বেতনভাতাদি খাত ব্যতীত অন্য কোন খাতে বাজেট বরাদ্দের অতিরিক্ত অর্থ ব্যয় করা যাবে না। অতিরিক্ত ব্যয়ের দায়-দায়িত্ব সংশ্লিষ্ট আয়ন-ব্যয়ন কর্মকর্তার উপর বর্তাবে। এই ব্যাপারে কর্তৃপক্ষের কোন দায়-দায়িত্ব থাকবে না।
- ৩। ৪৮০১ (ক) জেলা কার্যালয়ের কর্মকর্তাদের ভ্রমণ ব্যয় খাতে বরাদ্দকৃত অর্থ হতে উপ-পরিচালক ৪০%, সহকারী পরিচালকগণ ৪০% এবং প্রশিক্ষকগণ ২০% হারে ভ্রমণ ভাতা বিল উত্তোলন করতে পারবেন। তবে এক্ষেত্রে প্রশিক্ষক(মৎস্য) এর ভ্রমণভাতা বিল অগ্রাধিকার ভিত্তিতে প্রদান করতে হবে।
- ৪। এ বরাদ্দ হতে যুব উন্নয়ন অধিদপ্তর-এর কর্মকর্তা/কর্মচারীগণের বেতন-ভাতাদি ও অন্যান্য খাতের দাবীকৃত বকেয়া সরকারী বিধি মোতাবেক ব্যয় করা যাবে।
- ৫। উক্ত বাজেট যুব উন্নয়ন অধিদপ্তরের www.dyd.gov.bd ওয়েবসাইটে পাওয়া যাবে।
- ৬। ২০১৬-২০১৭ অর্থবছরের মূল বাজেট ২৪৫,৮০,০০,০০০/- (দুইশ পঁয়তাল্লিশ কোটি আশি লক্ষ) টাকার বিভাজন আদেশ এবং উক্ত আদেশের আওতায় জারীকৃত উপযোজনের সকল আদেশ বাতিল করা হলো এবং তদনুলে ২৪৭,৮০,৭০,০০০/- (দুইশ সাতচল্লিশ কোটি আশি লক্ষ সত্তর হাজার) টাকার সংশোধিত বাজেট বিভাজন আদেশ কার্যকর হবে।

এ আদেশ যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের ০৪-০৪-২০১৭খ্রিঃ তারিখের নং-৩৪.০০.০০০০.০৪৫.২০.০১৫.১৬-৪৩ সংখ্যক এবং অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগের ২০১৬-২০১৭ অর্থবছরের সংশোধিত বরাদ্দের স্মারক নং-০৭.১০১.০২০.০০.০০.০০২.২০১৭-১৫৯, তারিখঃ ২৩-০৩-২০১৭খ্রিঃ মোতাবেক জারী করা হলো।

এতে মহাপরিচালক মহোদয়ের সদয় অনুমোদন রয়েছে।

সংযুক্তিঃ কার্যালয়ভিত্তিক অর্থনৈতিক কোডওয়ারী বাজেট বিভাজন-১০৯ (একশত নয়) পাতা।

শিশির কুমার রায় (যুগ্ম-সচিব)
পরিচালক(প্রশাসন ও অর্থ)
ফোন- ৯৫৫০৮৬৩।

প্রাপক :


- ১। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, সচিবালয় ভবন, ৩য় ফেজ, সেগুনবাগিচা, ঢাকা।
- ২। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক, ----- (সকল) বিভাগ।
- ৩। জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, ----- (সকল) জেলা।
- ৪। উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, ----- (সকল) উপজেলা।

নং-৩৪.০১.০০০০.০০৬.২০.২০.১৬- ৬২২

তারিখঃ ০৪/০৫/১৭ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :-

- ০১। চেয়ারম্যান, পার্বত্য জেলা পরিষদ, রাংগামাটি/বান্দরবান/খাগড়াছড়ি।
- ০২। পরিচালক, শেখ হাসিনা জাতীয় যুব কেন্দ্র, যুব উন্নয়ন অধিদপ্তর, সাভার, ঢাকা।
- ০৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৪। সিনিয়র সহকারী সচিব(প্রশাঃ-২/যুব-১), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৫। সিনিয়র সহকারী সচিব(বাজেট-২৩), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৬। উপ-পরিচালক(প্রশাসন/অর্থ), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ০৭। উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, ----- (সকল) জেলা।
- ০৮। কো-অর্ডিনেটর, যুব প্রশিক্ষণ কেন্দ্র, যুব উন্নয়ন অধিদপ্তর, ----- (১০টি) কেন্দ্র।
- ০৯। অধ্যক্ষ, কেন্দ্রীয় মানব সম্পদ উন্নয়ন কেন্দ্র, যুব উন্নয়ন অধিদপ্তর, সাভার, ঢাকা।
- ১০। ডেপুটি কো-অর্ডিনেটর, যুব প্রশিক্ষণ কেন্দ্র, যুব উন্নয়ন অধিদপ্তর, ----- (১১টি) কেন্দ্র।
- ১১। প্রোগ্রামার(আইসিটি), যুব উন্নয়ন অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
- ১২। সহকারী পরিচালক, আঞ্চলিক মানব সম্পদ উন্নয়ন কেন্দ্র, যুব উন্নয়ন অধিদপ্তর, সাভার, ঢাকা/ সিলেট/ রাজশাহী/যশোর।
- ১৩। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, যুব উন্নয়ন অধিদপ্তর, ----- (সকল) উপজেলা, ----- জেলা।
- ১৪। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ১৫। অফিস কপি।



(মোঃ আলী আশরাফ)

সহকারী পরিচালক(অর্থ ও অডিট)

ফোন-৯৫৫৩৩৪২